তারিখ 18 AUG 1991
পৃষ্ঠা 8 কলাম 2

দৈনিক সংবাদ

# ইংরেজী শিক্ষকের সমস্যা

স্কুল-কলেজে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকপর্বের পাঠ্যসূচীতে ইংরেজী একটি আবশ্যিক বিষয়। স্নাতকপর্বে ইংরেজী ঐচ্ছিক বিষয়। ইংরেজী ভাষা ও সাহিত্য শিখতে হবে, পরীক্ষা দিতে হবে। কিন্তু বিভিন্ন জেলায় বেসরকারী কলেজগুলোতে ইংরেজী শিক্ষকের দারুণ অভাব। একটি দৈনিকে প্রকাশিত তথ্যে জানা যায়, কুড়িগ্রামে শতকরা ৮০ ভাগেরও বেশী বেসরকারী কলেজ এবং ৯৫ ভাগেরও বেশী সিনিয়র মাদ্রাসায় প্রয়োজনীয় সংখ্যক ইংরেজী শিক্ষক নেই। উত্তরাঞ্চলে বৃহত্তর রংপুর, দিনাজপুর, পাবনা, রাজশাহী ও বগুড়ায় এ সমস্যা প্রকট হয়ে উঠেছে। দেশের অন্যান্য অঞ্চলেও চিত্রটি ভিন্ন হবার কোন কারণ নেই।

শিক্ষার সবচেয়ে সহজ ও বিজ্ঞানসম্মত মাধ্যম হচ্ছে মাতৃভাষা। আমাদের অফিস-আদালতের কাজও চলে বাংলা ভাষায়। কিন্তু এরপরও অন্তত একটি বিদেশী ভাষা শিক্ষার প্রয়োজন রয়েছে। আমাদের দেশের বাস্তবতায় বিদেশী ভাষা বলতে বিশেষভাবে ইংরেজীর কথাই বোঝায়। আধুনিক বিশ্বের জ্ঞান-বিজ্ঞান আয়ত্ত করতে হলে আমাদের তাই অন্তত ইংরেজী ভাষা জানতে হবে।

নিছক জ্ঞান অর্জনের জন্যই নয়। এমনকি রুটি-রুজির দৈনন্দিন কাজকর্ম ঠিকভাবে চালাতে হলেও ইংরেজী জানা চাই। অফিস-আদালতের অনেক গুরুত্বপূর্ণ কাজই আন্তর্জাতিক যোগাযোগ ছাড়া চলে না। সেখানে প্রয়োজন বিদেশী ভাষা।

তাই কলেজ পর্যায় পর্যন্ত শিক্ষা পাঠক্রমে ইংরেজী শিক্ষার প্রতি গুরুত্ব দেয়া হয়েছে। সরকারী নিয়ম অনুযায়ী প্রত্যেক সিনিয়র মাদ্রাসা ও কলেজে নির্দিষ্ট সংখ্যক ইংরেজী শিক্ষক থাকার কথা। কিন্তু নেই। কারণ শিক্ষকতার জন্য উপযুক্ত মানসম্পন্ন এবং ইংরেজীতে এম, এ পাস প্রার্থীর সংখ্যা যথেষ্ট নয়। বিশ্ববিদ্যালয়গুলোতে ইংরেজী বিভাগে প্রতি বছর পাস করে আসা ছাত্রছাত্রীর সংখ্যাও কম। আবার শিক্ষকতার জন্য অন্তত দ্বিতীয় শ্রেণীতে পাস করা চাই। ফলে সংকট।

অনেক কলেজ ইংরেজী শিক্ষকের জন্য বিজ্ঞাপন দিয়েও কোন দরখাস্ত পায় না। দরখাস্ত পেলেও ইন্টারভিউ বোর্ডের কাছে শেষ পর্যন্ত দরখাস্তকারী উপস্থিত হন না। উপযুক্ত প্রার্থী পাওয়া যায় না। আবার অনেক কলেজের আর্থিক সঙ্গতি দুর্বল, উপযুক্ত বেতন-ভাতা দিয়ে ইংরেজী শিক্ষক নিয়োগ করা সম্ভব হয় না। ফলে ইংরেজী শিক্ষার প্রতি গুরুত্ব দেয়া হলেও সেটা থেকে যাচ্ছে কাগজে-কলমে।

ইংরেজী শিক্ষার জন্য সরকার যেমন গুরুত্ব দিচ্ছেন তেমনি গুরুত্ব দেয়া দরকার প্রয়োজনীয় সংখ্যক যোগ্য ও দক্ষ শিক্ষক গড়ে তোলার প্রতি। কলেজগুলোর জন্য উপযুক্ত মানসম্পন্ন ইংরেজী শিক্ষক যেন পাওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। ইংরেজী শিক্ষকদের আকর্ষণীয় বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে। শিক্ষকের অভাবে ইংরেজী শিক্ষা অবহেলিত হতে দেয়া যায় না।